



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED

(An enterprise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০

www.wzpdcl.org.bd, e-mail: wzpdcl.md@gmail.com

স্মারকঃ ২৭.২২.৪৭৮৫.০০২.১১.২১০.২৩-৩১০৩

তারিখঃ ২৬ নভেম্বর, ২০২৩ খ্রিঃ
১১ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)-এর মামলা পরিচালনা (উচ্চ আদালত ও নিম্ন আদালত) ও আইনগত পরামর্শ প্রদানের জন্য নিম্নে বর্ণিত শর্তে ০৩ (তিন) ক্যাটাগরিতে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক ও অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীদের নিকট হতে পূর্ণাঙ্গা জীবনবৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ


ক্রম	ক্যাটাগরি	সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ক্যাটাগরি-১ (সুপ্রিম কোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনার জন্য)।	০২ (দুই) জন	বাংলাদেশের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী হতে হবে। বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তি এবং উক্ত বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
২.	ক্যাটাগরি-২ (সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার জন্য)।	০৩ (তিন) জন	বাংলাদেশের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী হতে হবে। বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তি এবং উক্ত বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
৩.	ক্যাটাগরি-৩ (জেলা ও দায়রা জজ/সমমান আদালতে মামলা পরিচালনার জন্য)।	১২ (বারো) জন	বাংলাদেশের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী হতে হবে। ওজোপাডিকো'র অধিভুক্ত যে কোন জেলার আইনজীবী সমিতির সদস্য এবং জেলা ও দায়রা জজ/সমমান আদালতে মামলা পরিচালনায় কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

- ক্যাটাগরি ০৩ (তিন) এর ক্ষেত্রে দরখাস্তকারীকে ওজোপাডিকো'র অধিভুক্ত (খুলনা, যশোর, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরিয়তপুর, গোপালগঞ্জ, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা ও ভোলা) কোন জেলার আইনজীবী সমিতির সদস্য এবং স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ওজোপাডিকো'র প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে ওজোপাডিকো'র বিরুদ্ধে কোন মামলা পরিচালনা বা আইনগত পরামর্শ প্রদান করা যাবে না।
- মামলার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত (প্রতি ৩ মাস অন্তর) নির্দিষ্ট ছকে ওজোপাডিকো কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
- কোন মামলায় ওজোপাডিকো'র পক্ষে/বিরুদ্ধে রায় হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় সম্পর্কে ওজোপাডিকো কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- কোন আইনজীবীর পেশাগত কার্যক্রম সম্ভোষণক না হলে কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ আদেশ বাতিল করার ক্ষমতা ওজোপাডিকো কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- তালিকাভুক্ত আইনজীবীগণ মামলার ভিত্তিতে (Case to case basis) বিল দাখিল সাপেক্ষে ওজোপাডিকো'র নির্ধারিত রেট সিডিউল মোতাবেক সম্মানী/পারিশ্রমিক প্রাপ্য হবেন।
- দরখাস্তকারী আইনজীবী অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিযুক্ত থাকলে তা দরখাস্তে উল্লেখ করতে হবে।
- প্যানেলভুক্ত কোন আইনজীবী মামলা পরিচালনা করতে অপারগতা প্রকাশ করলে কমপক্ষে ০২ (দুই) মাস পূর্বে ওজোপাডিকো কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- আবেদনের সাথে নিম্নে লিখিত ডকুমেন্টস সংযুক্ত করতে হবেঃ
 - জাতীয় পরিচয় পত্র এবং নাগরিক সনদের সত্যায়িত কপি;
 - শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, বার কাউন্সিলের সনদ, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ এবং মামলা পরিচালনার অভিজ্ঞতার সনদসহ অন্যান্য (যদি থাকে) সকল সনদের সত্যায়িত কপি;
 - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঞ্জন সত্যায়িত ছবি।
- ওজোপাডিকো কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল বা নতুন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।
- ওজোপাডিকো কর্তৃপক্ষ প্যানেল আইনজীবীর সংখ্যা বৃদ্ধি/কমানোর ক্ষমতা সংরক্ষণ করে।

আবেদন প্রেরণের ঠিকানা ও সময়সীমাঃ

কোম্পানি সচিব, সদর দপ্তর, ওজোপাডিকো, ৩৫, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০ বরাবর দরখাস্ত আগামী ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।


কোম্পানি সচিব (অতিঃ দায়িত্ব)

সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা।

ই-মেইলঃ cs@wzpdcl.gov.bd

